



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন  
জনসংযোগ উপ-বিভাগ, সদর দফতর, ২২, পুরানা পল্টন, ঢাকা  
ই-মেইল: [pro@bhbf.gov.bd](mailto:pro@bhbf.gov.bd)

## প্রেস বিজ্ঞপ্তি

### বিএইচবিএফসি'র ঐতিহাসিক ৭ই মার্চ উদযাপন



ঐতিহাসিক ৭ই মার্চ উদযাপন উপলক্ষ্যে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনের উদ্যোগে ৭-৩-২০২১ তারিখ বিকাল ৪.০০ ঘটিকায় এক ভারুয়াল আলোচনা সভার আয়োজন করা হয়। অনুষ্ঠানে বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ আফজাল করিম এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে সংযুক্ত ছিলেন বিএইচবিএফসি'র সম্মানিত চেয়ারম্যান প্রফেসর ড. মোঃ সেলিম উদ্দিন, এফসিএ, এফসিএমএ। সভায় বিএইচবিএফসি'র মহাব্যবস্থাপকগণ, উপ-মহাব্যবস্থাপকগণ এবং সকল জোনাল, রিজিওনাল ও শাখা ম্যানেজারগণসহ সকল কর্মকর্তা-কর্মচারীবৃন্দ অংশগ্রহণ করেন।

প্রধান অতিথি প্রফেসর ড. মোঃ সেলিম উদ্দিন বলেন মহান ভাষা আন্দোলন থেকে স্বাধীন-সার্বভৌম বাংলাদেশ অর্জনের এই দীর্ঘ বন্ধুর পথে বঙ্গবন্ধুর অপারিসীম সাহস, সীমাহীন ত্যাগ-তীতিক্ষা, বলিষ্ঠ নেতৃত্ব এবং সঠিক দিকনির্দেশনা জাতিকে কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছে দেয়। ১৯৭১ সালের ৭ই মার্চ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তৎকালীণ পাকিস্তানী শাসকগোষ্ঠীর রক্তচক্ষু উপেক্ষা করে অসীম সাহসিকতার সাথে ঢাকার রেসকোর্স ময়দানে বিকাল ৩.২০ মিনিটে লাখে জনতার উদ্দেশ্যে বজ্রকণ্ঠে ১৯ মিনিটব্যাপী যে ঐতিহাসিক ভাষণ প্রদান করেন তা ছিল মূলত বাঙালি জাতির মুক্তির সনদ এবং মুক্তিযুদ্ধকালে সকলের জন্য উজ্জীবনী শক্তি হিসেবে কাজ করেছে। তাই আমাদের গৌরবজ্বল মহান মুক্তিযুদ্ধে এই ভাষণের অবদান অপারিসীম। তিনি বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ার প্রত্যয়ে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার নেতৃত্বে দেশকে এগিয়ে নিতে সকলকে একযোগে কাজ করার আহবান জানান।

আলোচনার শুরুতে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় ঐতিহাসিক ৭ই মার্চ উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, ১৫ আগষ্ট শাহাদতবরণকারী বঙ্গবন্ধু পরিবারের সকল সদস্য এবং স্বাধীনতা যুদ্ধে জীবন উৎসর্গকারী সকল মুক্তিযোদ্ধাদের শ্রদ্ধাভরে স্মরণ করেন এবং বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতিও গভীর কৃতজ্ঞতা প্রকাশ করেন। ৭ই মার্চের ভাষণকে তিনি যাদুকরী ভাষন বলে আখ্যা করেন। যে ভাষণের যাদুতে ৭ কোটি মানুষ স্বাধীনতা সংগ্রামে উজ্জীবিত হয়েছিল এবং পাকিস্তানী বাহিনীর সাথে যুদ্ধ করে পরাধীনতার শৃঙ্খল থেকে দেশকে মুক্ত করতে পেরেছিল। তাই বঙ্গবন্ধু, বাংলাদেশ এবং স্বাধীনতা একই সূত্রে গাঁথা মর্মে তিনি উল্লেখ করেন।

ভার্চুয়াল সভায় আরো বক্তব্য রাখেন বিএইচবিএফসি'র মহাব্যবস্থাপক জনাব অরুন কুমার চৌধুরী, উপ-মহাব্যবস্থাপক জনাব মোঃ খালেদুজ্জামান, অফিসার কল্যাণ সমিতির সিনিয়র যুগ্ম আহবায়ক ও বিভাগীয় প্রধান প্রকৌশলী মোঃ গোলাম মোস্তফা; বিএইচবিএফসি'র বঙ্গবন্ধু পরিষদের সভাপতি ও সিঃ প্রিন্সিপাল অফিসার জনাব তারেক ইমতিয়াজ খান এবং বঙ্গমাতা পরিষদের সাধারণ সম্পাদক ও সিনিয়র অফিসার জনাব মোঃ আবু সাঈদ। সঞ্চালক হিসেবে সভাটি পরিচালনা করেন বিএইচবিএফসি'র সহকারী মহাব্যবস্থাপক জনাব মোঃ নজরুল ইসলাম।